**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
প্লট-ই/৬, আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭

# বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫ (সংশোধিত)

**১। নীতিমালার শিরোনাম, কার্যকরের তারিখ, লক্ষ্য ও উদ্দেশ্য:**

পুঁজিবাজারের উপর স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' প্রোগ্রাম প্রবর্তন করতে "বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫" নামে একটি নীতিমালা অনুমোদন করেছে যা ২৩/০২/২০২৫ তারিখ হতে কার্যকর করা হয়। এ উদ্যোগের মাধ্যমে বিএসইসি পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় দায়িত্বশীলতা, নৈতিকতা ও সততাকে উৎসাহিত করতে চায়, যা দেশের পুঁজিবাজার ও সর্বোপরি অর্থনীতির গতিশীলতাকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। এই ফেলোশিপ সাংবাদিকদের বৈশ্বিক আর্থিক বাজার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির সুযোগ প্রদান করবে, তাদের বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করবে এবং নৈতিক সাংবাদিকতার মানদণ্ড নিশ্চিত করতে সহায়তা করবে।

**২। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপের সংখ্যা ও পুরস্কার:**

(১) এই অ্যাওয়ার্ডস প্রোগ্রামের আওতায় তিন ক্যাটাগরিতে প্রত্যেকটিতে একটি করে মোট তিনটি নগদ অর্থ পুরস্কার প্রদান করা হবে এবং পৃথক দুইটি বিশেষ ফেলোশিপ প্রদান করা হবে যার মাধ্যমে স্বনামধন্য বিদেশি প্রতিষ্ঠানে উচ্চতর প্রশিক্ষণে আর্থিক সহায়তা দেওয়া হবে।

(ক) **অ্যাওয়ার্ডস:**

(i) প্রিন্ট মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড: ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ এবং একটি ক্রেস্ট;

(ii) ইলেকট্রনিক মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড: ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ এবং একটি ক্রেস্ট; ও

(iii) অনলাইন মিডিয়া ক্যাটাগরির অ্যাওয়ার্ড: ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ এবং একটি ক্রেস্ট।

(iv) তবে কমিশন চাইলে প্রতিটি ক্যাটাগরির ক্ষেত্রে 'বিশেষ পুরস্কার' প্রদান করতে পারবেন।

(খ) **ফেলোশিপ:**

(i) বিশেষ ফেলোশিপ: ৫ লক্ষ টাকা সমমূল্যের একটি ফেলোশিপ; ও

(ii) বিশেষ ফেলোশিপ: ২.৫ লক্ষ টাকা সমমূল্যের একটি ফেলোশিপ।

(২) অ্যাওয়ার্ডস প্রাপ্তদের সরাসরি নগদ অর্থ প্রদান এবং ফেলোশিপের জন্য নির্বাচিতদের বিদেশে উচ্চতর ডিগ্রি বা কোর্স সম্পন্ন করার জন্য অর্থ প্রদান করা হবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপের অর্থমূল্য সময়ে সময়ে কমিশন কর্তৃক পরিবর্তিত হতে পারে।

**৩। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপের যোগ্যতা:**

(১) বাংলাদেশ সরকার কর্তৃক নিবন্ধিত ও বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র বা অনলাইন সংবাদ মাধ্যম বা ইলেকট্রনিক মিডিয়াতে নিয়মিতভাবে পুঁজিবাজার বিষয়ক রিপোর্টিং এ নিয়োজিত সাংবাদিকবৃন্দ অ্যাওয়ার্ডস বা ফেলোশিপের এর জন্য আবেদন করতে পারবেন। **তবে শুধুমাত্র 'ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম' এর নিয়মিত সদস্যবৃন্দ ফেলোশিপের এর জন্য আবেদন করতে পারবেন।**

(২) অ্যাওয়ার্ডস ও ফেলোশিপের জন্য আবেদনকারী সাংবাদিকদের পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় ধারা ৩(১)-এ বর্ণিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(৩) ফেলোশিপের এর জন্য আবেদনকারী সাংবাদিকদের বয়স অনূর্ধ্ব ৪০ বছর (বিজ্ঞাপনে উল্লেখিত আবেদনের সময়সীমার শেষ দিন) হতে হবে।

(৪) অ্যাওয়ার্ডসের জন্য আবেদনকারীকে তার পূর্বে প্রকাশিত বা প্রচারিত পুঁজিবাজার বিষয়ক অনুসন্ধানী প্রতিবেদন জমা দিতে হবে।

(৫) একজন আবেদনকারী একইসাথে অ্যাওয়ার্ডস ও ফেলোশীপের আবেদন করতে পারবেন না।

(৬) একজন আবেদনকারী অ্যাওয়ার্ডসের সর্বোচ্চ একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।

(৭) একজন আবেদনকারী অ্যাওয়ার্ডসের জন্য সর্বোচ্চ ৩ টি সংবাদ প্রতিবেদন আবেদনে দিতে পারবেন।

(৮) একজন ফেলোশিপের বিজয়ী পরবর্তীতে এই ফেলোশিপের জন্য আর কখনো আবেদন করতে পারবেন না।

(৯) একজন অ্যাওয়ার্ডস বিজয়ী পরবর্তী বছরে এই অ্যাওয়ার্ডস এর জন্য আবেদন করতে পারবেন না।

(১০) বিএসইসি কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ জুরিবোর্ড এর কোন সদস্য অ্যাওয়ার্ডস ও ফেলোশীপের আবেদন করতে পারবেন না।

**৪। আবেদনের নিয়মাবলী:**

(১) অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ প্রদানের জন্য কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে এবং উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। তফসিল ১ ও তফসিল ২ -এ বর্ণিত আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে জমা দেওয়া যাবে। ডাকযোগ, কুরিয়ার বা ই-মেইলে পাঠানো আবেদন বিবেচিত হবে না। তবে ইলেকট্রনিক মিডিয়ার প্রতিবেদনসমূহের ক্ষেত্রে অনলাইন আবেদনে আপলোডের পাশাপাশি প্রতিবেদনের সফটকপি (CD/DVD-তে) চেয়ারম্যান, বিএসইসি বরাবর জমা দিতে হবে।

(২) অনলাইন আবেদনপত্রের নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য ও নথিপত্র যথানিয়মে পূরণ ও আপলোড করতে হবে;

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) আবেদনকারীর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত;

(খ) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান বা সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ; ও

(গ) তফসিল ১ বা তফসিল ২ -এ বর্ণিত আবেদনপত্রে উল্লিখিত কাগজপত্রাদি।

**৫। নির্বাহী পরিচালক কমিটির সুপারিশ এবং জুরিবোর্ড গঠন ও কার্যপ্রণালী:**

(১) বিএসইসি বরাবর প্রদত্ত আবেদনসমূহ বিএসইসি'র নির্বাহী পরিচালক কমিটি পর্যালোচনা করে সুপারিশ সহকারে জুরিবোর্ডে প্রেরণ করবেন।

(২) বিএসইসি কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ জুরিবোর্ড নির্বাহী পরিচালক কমিটির সুপারিশসহ আবেদনকারীদের প্রদত্ত তথ্য ও প্রস্তাব মূল্যায়ন করবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ প্রদানকালীন সময়ে কমিশনের আদেশ দ্বারা নিম্নোক্ত ৫ সদস্যের সমন্বয়ে জুরিবোর্ড গঠিত হবে:

(ক) বিএসইসি এর একজন প্রতিনিধি – ১ জন

(খ) বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) এর প্রতিনিধি – ১ জন

(গ) চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনিত প্রতিনিধি – ১ জন

(ঘ) ডিন, ব্যবসায় অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনিত প্রতিনিধি – ১ জন

(ঙ) মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) অথবা মনোনিত প্রতিনিধি – ১ জন

(৩) জুরিবোর্ড আবেদনকারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, সংবাদের মান এবং অন্যান্য বিষয়াবলি বিচার করে চূড়ান্তভাবে অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ বিজয়ী নির্বাচন করবেন। অ্যাওয়ার্ডস বিজয়ী নির্বাচনের ক্ষেত্রে আবেদনকৃত সংবাদ প্রতিবেদন বা প্রতিবেদনসমূহের পাশাপাশি বিজ্ঞাপনে উল্লেখিত সময়কালে বা উক্ত বছরে গণমাধ্যমে প্রকাশিত বা প্রচারিত আবেদনকারী কর্তৃক প্রস্তুতকৃত সকল প্রতিবেদনসমূহের তালিকার প্রতিবেদনসমূহও মূল্যায়ন করা হবে।

(৪) জুরিবোর্ড খামবন্দি করে চেয়ারম্যান, বিএসইসি বরাবর চূড়ান্তভাবে অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ বিজয়ীদের তালিকা জমা দিবেন।

(৫) চেয়ারম্যান, বিএসইসি উক্ত বিষয়ের চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন।

(৬) জুরিবোর্ড এর জন্য কমিশনের প্রশাসন বিভাগ সাচিবিক দায়িত্ব পালন করবেন।

**৬। অ্যাওয়ার্ডস এর জন্য নির্বাচনের মানদন্ড:**

(১) অ্যাওয়ার্ডস এর জন্য আবেদনকারীর নিম্নলিখিত গুণাবলী বিবেচনায় নিয়ে মূল্যায়ন করা হবে:

(ক) বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়নে জনসচেতনতা বৃদ্ধিতে এবং বিনিয়োগকারীদের সুরক্ষায় প্রতিবেদনটির প্রাসঙ্গিকতা ও তাৎপর্য;

(খ) বিশ্লেষণের গভীরতা;

(গ) মৌলিকতা এবং অনুসন্ধানী গুণমান; ও

(ঘ) নৈতিকতা এবং সততা।

(২) যোগ্য প্রার্থী না পাওয়া গেলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ে অ্যাওয়ার্ডস দেওয়া হবে না।

**৭। ফেলোশিপের এর জন্য নির্বাচনের মানদন্ড:**

(১) আবেদনকারীকে নূন্যতম ২.২৫ সিজিপিএ (৪.০০ পয়েন্ট স্কেলে) বা ২.৮১৩ সিজিপিএ (৫.০০ পয়েন্ট স্কেলে) বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমান ডিগ্রিসম্পন্ন হতে হবে। আবেদনকারীর শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা উল্লেখিত নূন্যতম সিজিপিএ এর কম সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

(২) শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি আবেদনকারীকে বিশ্লেষণী ক্ষমতাসম্পন্ন, সৃষ্টিশীল, অনুসন্ধানী ও নৈতিক মনোবলের অধিকারী হতে হবে।

(৩) যোগ্য প্রার্থী না পাওয়া গেলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ে ফেলোশিপ দেওয়া হবে না।

**৮। সংযোজন, বিয়োজন ও সংশোধন এবং ব্যাখ্যা প্রদানঃ** কমিশন প্রয়োজন বোধ করলে, এই নীতিমালাতে নতুন কোন নীতি সংযোজন এবং এই নীতিমালার কোন নীতি বিয়োজন ও সংশোধন করতে পারবে। এ নীতিমালার কোন বিষয়ে জটিলতা দেখা দিলে, সে বিষয়ে কমিশন ব্যাখ্যা প্রদান করতে পারবে এবং কমিশনের উক্ত ব্যাখ্যা সম্পূর্ণ ও চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমিশনের অনুমোদনক্রমে

খন্দকার রাশেদ মাকসুদ

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

তফসিল ১

## ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ এর আবেদনপত্র
### (অ্যাওয়ার্ডস এর জন্য প্রযোজ্য)

কোন ক্যাটাগরিতে আবেদন করছেন (টিক দিন):

ক) প্রিন্ট মিডিয়া ক্যাটাগরি অ্যাওয়ার্ড ☐

খ) ইলেক্ট্রনিক মিডিয়া ক্যাটাগরি অ্যাওয়ার্ড ☐

গ) অনলাইন মিডিয়া ক্যাটাগরি অ্যাওয়ার্ড ☐

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম | বাংলা: | |
| | | ইংরেজি: | |
| ২ | পিতার নাম: | | |
| ৩ | মাতার নাম: | | |
| ৪ | জন্ম তারিখ: | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | |
| ৬ | স্থায়ী ঠিকানা: | | |
| ৭ | বর্তমান ঠিকানা: | | |
| ৮ | মোবাইল ফোন নম্বর: | | |
| ৯ | ই-মেইল ঠিকানা: | | |
| ১০ | বর্তমান কর্মরত প্রতিষ্ঠানের নাম | | |
| ১১ | দাপ্তরিক পরিচয়পত্র নং | | |

**আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষা বা কোর্স বা ডিগ্রির নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ডিগ্রির বা কোর্সের মেয়াদকাল | পাশের সন/ অর্জনের সন | ফলাফল এবং বিশেষ কৃতিত্ব |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**আবেদনকারীর অভিজ্ঞতা:**

| পদের নাম | প্রতিষ্ঠানের নাম | চাকুরীর সময়কাল | | কর্মক্ষেত্রে বিশেষ অর্জন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**অ্যাওয়ার্ডস এর আবেদনকারীর সংবাদ প্রতিবেদন সংক্রান্ত তথ্য:**

| প্রতিবেদনের শিরোনাম | প্রকাশকাল | প্রকাশ বা প্রচারকারী গণমাধ্যমের নাম | প্রতিবেদন সংশ্লিষ্ট অন্যান্য তথ্য (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল। উক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি যদি ভুল বা অসম্পূর্ণ বা জাল বলে প্রমাণিত হয়, তবে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আমি/আমরা এই মর্মে নিশ্চিত করছি যে দাখিলকৃত প্রতিবেদন/প্রতিবেদনসমূহ মূলত প্রকাশিত বা সম্প্রচারিত এবং উক্ত প্রতিবেদন/প্রতিবেদনসমূহ আবেদনকারীর দ্বারা স্বয়ংসম্পূর্ণভাবে প্রস্তুতকৃত।

সুপারিশ করছেন:

হ্যা ☐

না ☐

কর্মরত প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর

**সংযুক্তি:**

(১) আবেদনকারীর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, দাপ্তরিক পরিচয়পত্র ও জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি;

(২) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান বা সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ;

(৩) প্রতিবেদন প্রকাশিত/সম্প্রচারিত সংবাদমাধ্যম প্রধান/নির্বাহীর প্রত্যয়নপত্র (যদি কর্মরত প্রতিষ্ঠান ও প্রকাশিত/সম্প্রচারিত সংবাদমাধ্যম ভিন্ন হয়); ও

(৪) বিজ্ঞাপনে উল্লেখিত সময়কালে বা উক্ত বছরে গণমাধ্যমে প্রকাশিত বা প্রচারিত আবেদনকারী কর্তৃক প্রস্তুতকৃত সকল প্রতিবেদনসমূহের তালিকা।

**আবেদন ও ছক পূরণ বিষয়ে নির্দেশিকা:**

১) আবেদনপত্র আবেদনকারীর কর্তৃক যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত হতে হবে। ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য প্রদান করতে হবে। অস্পষ্ট বা দুর্বোধ্য তথ্য এবং অসম্পূর্ণ ফরম প্রদান করলে উক্ত আবেদন মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

২) সকল আবেদন নির্ধারিত ফরম্যাট ও নিয়ম মেনে শুধুমাত্র অনলাইনে জমা দেওয়া যাবে। অবশ্যই বিজ্ঞাপনে উল্লেখিত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সশরীরে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিস বা ইমেইলের মাধ্যমে পাঠানো কোনো আবেদন গ্রহণ করা হবে না। তবে ইলেকট্রনিক মিডিয়ার প্রতিবেদনসমূহের ক্ষেত্রে অনলাইন আবেদনে আপলোডের পাশাপাশি প্রতিবেদনের সফটকপি (CD/DVD-তে) চেয়ারম্যান, বিএসইসি বরাবর জমা দিতে হবে।

৩) ছকের যে সকল বিষয় আবেদনকারীর জন্য প্রযোজ্য নয় সে সকল বিষয়ে "প্রযোজ্য নয়" এবং যেগুলি নাই সেগুলির ক্ষেত্রে "নাই" লিখতে হবে।

৪) আবেদনকারীর বিবেচ্য বা আবেদনকৃত সংবাদ প্রতিবেদন বা প্রতিবেদনসমূহ অবশ্যই বিজ্ঞাপনে উল্লেখিত সময়কালে প্রকাশিত বা প্রচারিত হবে, অন্যথায় প্রতিবেদন মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

৫) আবেদনকারী যে প্রতিষ্ঠান থেকে প্রতিবেদন তৈরি করেছেন সেই প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রের স্ক্যান কপি অনলাইন ফরমের নির্ধারিত স্থানে যথানিয়মে আপলোড করতে হবে। প্রত্যয়নপত্রে প্রতিবেদকের নামসহ প্রতিবেদনটি কবে প্রথম প্রকাশিত বা প্রচারিত হয়েছে, তা অবশ্যই সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

তফসিল ২

# ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ এর আবেদনপত্র

**(ফেলোশিপ এর জন্য প্রযোজ্য)**

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম | বাংলা: | |
| | | ইংরেজি: | |
| ২ | পিতার নাম: | | |
| ৩ | মাতার নাম: | | |
| ৪ | জন্ম তারিখ: | | |
| ৫ | জাতীয় পরিচয়পত্র নম্বর: | | |
| ৬ | স্থায়ী ঠিকানা: | | |
| ৭ | বর্তমান ঠিকানা: | | |
| ৮ | মোবাইল ফোন নম্বর: | | |
| ৯ | ই-মেইল ঠিকানা: | | |
| ১০ | বর্তমান কর্মরত প্রতিষ্ঠানের নাম | | |
| ১১ | দাপ্তরিক পরিচয়পত্র নং | | |

**আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষা বা ডিগ্রির নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ডিগ্রি বা কোর্সের মেয়াদকাল | পাশের সন/ অর্জনের তারিখ | ফলাফল এবং বিশেষ কৃতিত্ব |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**আবেদনকারীর অভিজ্ঞতা:**

| পদের নাম | প্রতিষ্ঠানের নাম | চাকুরীর সময়কাল | | কর্মক্ষেত্রে বিশেষ অর্জন |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**ফেলোশিপের আবেদনকারীর অধ্যয়ন ইচ্ছুক প্রতিষ্ঠানের বর্ণনা ও বিবেচনাধীন বিষয়াবলির ছক:**

| কোর্স বা ডিগ্রি প্রদানকারী প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট কোর্স বা ডিগ্রির নাম | ভর্তির সন ও কোর্স বা ডিগ্রি অধ্যায়ন শুরুর তারিখ | মেয়াদকাল | কোর্স বা ডিগ্রির ফি |
|---|---|---|---|---|
| | | | | |

* ৫ লক্ষ টাকা ও ২.৫ লক্ষ টাকা সমমূল্যের ফেলোশিপের ক্ষেত্রে কোর্স বা ডিগ্রির মেয়াদ বা সময়কাল যথাক্রমে নূন্যতম ১২ মাস ও ৬ মাস হতে হবে।

**অতিরিক্ত তথ্যবলির ছক:**

| শিক্ষাক্ষেত্রে আবেদনকারীর বিশেষ অর্জন | কর্মক্ষেত্রে আবেদনকারীর বিশেষ অর্জন | আবেদনকারীর উচ্চতর ডিগ্রি ও প্রশিক্ষণ | অন্যান্য উল্লেখযোগ্য অর্জন (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও নির্ভুল। উক্ত তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি যদি ভুল বা অসম্পূর্ণ বা জাল বলে প্রমাণিত হয়, তবে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

সুপারিশ করছেন:

হ্যা ☐

না ☐

কর্মরত প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর

**সংযুক্তি:**

(১) আবেদনকারীর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, দাপ্তরিক পরিচয়পত্র ও জাতীয় পরিচয়পত্র এর অনুলিপি;

(২) আবেদনকারীর কর্মরত প্রতিষ্ঠানের নির্বাহী প্রধান বা সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ;

(৩) শিক্ষা ছুটির জন্য আবেদনকারীর কর্মপ্রতিষ্ঠানের প্রধান অর্থাৎ চাকুরীদাতার অনাপত্তিপত্র;

(৪) 'ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম' কর্তৃক প্রদত্ত নিয়মিত সদস্যের প্রত্যয়নপত্র; ও

(৫) আবেদনকারীর লিখিত মৌলিক অবজেকটিভ অব স্টাডি (Objective of Study) যেখানে উক্ত কোর্স বা ডিগ্রি কিভাবে পুঁজিবাজার সংশ্লিষ্ট সাংবাদিকতার সাথে সম্পর্কীত তা উল্লেখ করতে হবে।

**আবেদন ও ছক পূরণ বিষয়ে নির্দেশিকা:**

১) আবেদনপত্র আবেদনকারীর কর্তৃক যথাযথভাবে পূরণকৃত এবং স্বাক্ষরিত হতে হবে। ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য প্রদান করতে হবে। অস্পষ্ট বা দুর্বোধ্য তথ্য এবং অসম্পূর্ণ ফরম প্রদান করলে উক্ত আবেদন মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

২) সকল আবেদন নির্ধারিত ফরম্যাট ও নিয়ম মেনে শুধুমাত্র অনলাইনে জমা দেওয়া যাবে। অবশ্যই বিজ্ঞাপনে উল্লেখিত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সশরীরে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিস বা ইমেইলের মাধ্যমে পাঠানো কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৩) ছকের যে সকল বিষয় আবেদনকারীর জন্য প্রযোজ্য নয় সে সকল বিষয়ে "প্রযোজ্য নয়" এবং যেগুলি নাই সেগুলির ক্ষেত্রে "নাই" লিখতে হবে।

৪) মেধাবী ও অধ্যয়নে উৎসাহী সাংবাদিকবৃন্দ ফোলোশিপের ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন এবং অধ্যয়নের জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া সংশ্লিষ্ট সাংবাদিককে ব্যক্তিগতভাবে সম্পন্ন করতে হবে।

৫) ফোলোশিপ ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স বা ডিগ্রি প্রদানকারী প্রতিষ্ঠান এর ভর্তি সংক্রান্ত কনফারমেশন/প্রত্যয়নপত্র আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

৬) প্রাথমিকভাবে ফোলোশিপের মোট অর্থ এর অর্ধাংশ প্রদান করা হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কোর্স বা ডিগ্রি প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক ফেলোশিপপ্রাপ্ত ব্যক্তির অনুকূলে প্রদত্ত ফলাফল সংক্রান্ত প্রত্যয়নপত্র বা অগ্রগতি প্রতিবেদন কমিশনে দাখিল করতে হবে এবং সন্তোষজনক ফলাফল সাপেক্ষে ফোলোশিপের অবশিষ্ট অর্থ ছাড়করণ করা হবে।